

বিশ্বসাহিত্য কেন্দ্রের বইপড়া  
প্রতিযোগিতার পুরস্কার  
বিতরণ ॥ পখনাটোৎসবের  
উদ্বোধন

স্টাফ রিপোর্টার ॥  
আলোকিত মানুষ গড়ে  
তোলার উদ্যোগ নিয়ে  
বিশ্বসাহিত্য কেন্দ্রের  
আয়োজনে পাবলিক  
লাইব্রেরীতে ছিল বইপড়া  
প্রতিযোগিতার পুরস্কার  
বিতরণী। শহীদ মিনারে ছিল  
'ভাষার যুদ্ধে জয়ী আমরা'  
ষড়যন্ত্রকারীর পদধ্বনি  
রুখবো মোরা' শ্লোগান নিয়ে  
পখনাটোৎসবের উদ্বোধনী  
(১১ পৃষ্ঠা ১-৩৯ কঃ দেয়ন)



পাবলিক লাইব্রেরীতে বিশ্বসাহিত্য কেন্দ্র আয়োজিত বইমেলায় পুরস্কার বিতরণ করেন  
বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর লুৎফর রহমান সরকার  
-জনকণ্ঠ

## বিশ্বসাহিত্য কেন্দ্র (১১-৩৯ পাতার পর)

অনুষ্ঠান। ছুটির দিনে  
গতকাল দুয়ে মিলে জমজমাট আয়োজন ছিল সাংস্কৃতিক  
অঙ্গনে।

বিশ্বসাহিত্য কেন্দ্র গত ১৮ বছর থেকে কুল কলেজের  
ছাত্রছাত্রীদের রুচি শিফটভাবে গড়ে তোলার জন্য বইপড়া  
প্রতিযোগিতার এই কর্মসূচী চালিয়ে আসছে। গত বছর  
মহানগরীর এক শ'টি কুলের ২৪ হাজার ছাত্রছাত্রী এই  
প্রতিযোগিতায় অংশ নেয়। তাদের মধ্যে ৪৮ শ' জনকে  
পুরস্কার দেয়া হবে এই অনুষ্ঠানে। অনুষ্ঠান চলবে তিন  
দিন।

বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর বিশিষ্ট শিশু  
সাহিত্যিক লুৎফর রহমান সরকার বেলায় উড়িয়ে সকালে  
অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে সম্মানিত অতিথি  
ছিলেন চলচ্চিত্র আন্দোলনের অন্যতম পথিকৃৎ সিন্ধার  
চোয়ারম্যান মাহবুব জামিল, ডেন্টা লাইফ ইন্স্যুরেন্স  
কোম্পানির মাহবুবুর রহমান সানী, নেসলের বাংলাদেশ  
ব্রান্ড ম্যানেজার নাজমুল হাকীম ও বিশ্বসাহিত্য কেন্দ্রের  
সভাপতি আবদুল্লাহ আবু সায়ীদ। সকালে ১২শ' জনকে  
পুরস্কার দেয়া হয়। বিকালে দ্বিতীয় অধিবেশন শুরু হয়  
বিকালে তিনটায়। এ পর্বে সম্মানিত অতিথি ছিলেন কবি  
নির্মলেন্দু গুন, জনপ্রিয় লেখক অধ্যাপক মুহম্মদ জাফর  
ইকবাল, বিশিষ্ট অভিনেতা বায়রুল আলম সবুজ।  
বিকালেও ১২শ' ছাত্রছাত্রীকে পুরস্কার দেয়া হয়।

### পখনাটোৎসব

কেন্দ্রীয় শহীদ মিনারে গতকাল বিকালে শুরু হয়েছে পাঁচ  
দিনব্যাপী পখনাটোৎসব। মহান ভাষা আন্দোলনের ৫০  
বছর পূর্তি উপলক্ষে এই আয়োজন করেছে বাংলাদেশ  
পখনাটক পরিষদ। বিকালে ৫০জন শিশু ৫০টি রঙীন  
বেলুন উড়িয়ে উৎসবের সূচনা করে।

উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন ভাষা  
সৈনিক আবদুল মঈন। সভাপতিত্ব করেন মান্নানহীরা।  
আলোচনা করেন রামেন্দু মঞ্জুমদার, মামুনুর রশীদ,  
নাসির উদ্দিন ইউসুফ, সারা যাকের, গোলাম কুদ্দুছ ও  
মিজানুর রহমান। উৎসবে ঢাকাসহ সারা দেশের প্রায়  
৪০টি নাট্যদল অংশগ্রহণ করছে। গতকাল প্রথম দিনে  
নাটক পরিবেশন করে-সাগতিক লিটল থিয়েটার-  
'একশ এবং ...'। সময় সাংস্কৃতিক গোষ্ঠী 'কবর'।  
কুশীলব নাট্য সম্প্রদায়- 'ফতোয়া'।